

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.১৪১

তারিখঃ ০১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : স্থগিতকৃত পৌরসভা নির্বাচন উপলক্ষে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : (১) স্মারক নং ১ই-৫১/২০০০ (অংশ-৮)-১৮০৯ জে, তারিখঃ ১৪/০৩/২০২১ খ্রিঃ, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
(২) নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০১.১৮-৩৪, তারিখঃ ০২/০৩/২০২১ খ্রিঃ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে আগামী ৩১ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ বুধবার স্থগিতকৃত পাবনা জেলার সুজানগর পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে এবং ঠাকুরগাঁও জেলার ঠাকুরগাঁও পৌরসভার ০৭নং সাধারণ আসনের কাউন্সিলর ও চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ পৌরসভার ০৯নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন উপলক্ষে “স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬ তে বর্ণিত ক্ষমতাবলে নির্বাচনি এলাকায় বিধি ৭২, ৭৪, ৭৫, ৭৬, বিধি ৭৭ এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীনে আমলে নেয়া ও সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেটের ক্ষমতা সম্পন্ন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করা আবশ্যিক বিধায় উল্লিখিত অপরাধসমূহ আমলে নেয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্ন করার জন্য নিম্ন ছকে উল্লিখিত পৌরসভাসমূহের নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের পূর্বের দুইদিন, ভোট গ্রহণের দিন ও ভোট গ্রহণের পরের দুইদিন অর্থাৎ আগামী ২৯/০৩/২০২১ খ্রিঃ হতে ০২/০৪/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য ০৩ (তিন) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নিম্নরূপে মনোনয়ন প্রদান করা হলো :

নং	জেলা	পৌরসভা	ম্যাজিস্ট্রেটের সংখ্যা	পদের নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১.	পাবনা	সুজানগর	০১	মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর	জনাব মোঃ হাসান আল আজাদ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পাবনা
২.	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও	০১	০৭নং সাধারণ আসনের কাউন্সিলর	জনাব এস. রমেশ কুমার ডাঙ্গা অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও
৩.	চাঁপাইনবাবগঞ্জ	শিবগঞ্জ	০১	০৯নং সাধারণ আসনের কাউন্সিলর	জনাব মোঃ হুমায়ুন কবীর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ
		০৩টি	০৩ জন		

AKA
১৫/০৩/২০২১
(মোহাম্মদ রহমত আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

সিনিয়র সচিব

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

[দৃঃ আঃ উপসচিব (আইন)]।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ,
৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. জনাব/বেগম
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. গার্ড ফাইল।
১১. অফিস কপি।